মেহেরপুরের রংমহল সীমান্তে ৪ জনকে পুশইনের চেষ্টা, বিজিবি’র বাধায় ফিরিয়ে নিল বিএসএফ

মেহেরপুরের গাংনী সীমান্তে ৪ জনকে পুশইনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। শুক্রবার (২০ নভেম্বর) রাত আনুমানিক ২টার দিকে উপজেলার রংমহল সীমান্তের ১৩৭ পিলারের কাছ দিয়ে তাদের পুশইনের চেষ্টা করে বিএসএফ।

তবে বিজিবির প্রতিরোধের মুখে শেষ পর্যন্ত ওই ৪ জনকে ভারতের অভ্যন্তরে ফিরিয়ে নিতে বাধ্য হয় বিএসএফ।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)-এর অধীন রংমহল বিওপির নায়েক সুবেদার জাহিদ হোসেন জানান, চারজন অজ্ঞাতপরিচয় পুরুষকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা করে বিএসএফ। সীমান্তে দায়িত্বরত টহল দলের সতর্ক অবস্থানের কারণে বিষয়টি দ্রুত শনাক্ত হয়। বিজিবির তাৎক্ষণিক তৎপরতা ও দৃঢ় অবস্থানের মুখে বিএসএফের পুশইন প্রচেষ্টা ব্যর্থ হয়।

পরে শুক্রবার সকাল আনুমানিক ৭টা ৪৫ মিনিটের দিকে বিএসএফের ১১ ব্যাটালিয়নের দীঘলকান্দি ক্যাম্পের সদস্যরা ওই চারজনকে ভারতের কাঁটাতারের বেড়ার অভ্যন্তরে ফিরিয়ে নিয়ে যায়।

এ ঘটনার পর রংমহল সীমান্তসহ সংশ্লিষ্ট এলাকায় বিজিবির টহল কার্যক্রম জোরদার করা হয়েছে। সীমান্তের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে ও সীমান্ত এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং পরিস্থিতি বিজিবির নিয়ন্ত্রণে রয়েছে বলে জানান তিনি।

আড়াই মাসে সাড়ে ৪ কোটি টাকার মাদকসহ মালামাল জব্দ, আটক ১৭

মেহেরপুরের গাংনী ও কুষ্টিয়া সীমান্তে মাদক ও চোরাচালানবিরোধী পৃথক অভিযানে ৪ কোটি ৪৫ লাখ ৯৭ হাজার ৪৪২ টাকা মূল্যের মাদকদ্রব্য ও চোরাচালানি মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। এসব অভিযানে ১৭ জনকে আটক করা হয়েছে। একই সময়ে গাংনীর তেঁতুলবাড়িয়া গ্রাম থেকে ছয়টি বোমাসদৃশ বস্তু উদ্ধার করেছে বিজিবি।

গতকাল বৃহস্পতিবার কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত সেপ্টেম্বর ২০২৬ থেকে ১৯ নভেম্বর পর্যন্ত কুষ্টিয়া ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ কুষ্টিয়া জেলা ও মেহেরপুরের গাংনী উপজেলায় মাদক ও চোরাচালানবিরোধী অভিযান চালিয়ে এসব মালামাল আটক করা হয়।

আটক মালামালের মধ্যে রয়েছে ৯৪ দশমিক ২৫ কেজি ওজনের একটি কষ্টিপাথরের মূর্তি, একটি আগ্নেয়াস্ত্র, দুই রাউন্ড গুলি, ৯ হাজার ২৫০ কেজি সার এবং বিভিন্ন ধরনের চোরাচালানি পণ্য। এ ছাড়া ৮৪১ বোতল বিদেশি মদ, ৯১৫ বোতল ফেনসিডিল, ১১১ দশমিক ৬০৮ কেজি গাঁজা, ১২ গ্রাম হেরোইন, ১১৯ পিস ইয়াবা ট্যাবলেট এবং বিভিন্ন ধরনের ১ লাখ ৩০ হাজার ৫৬৩ পিস নেশাজাতীয় ট্যাবলেট উদ্ধার করা হয়।

এদিকে গত ১৮ নভেম্বর মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রাম এলাকা থেকে ছয়টি বোমাসদৃশ বস্তু উদ্ধার করে বিজিবি। পরে গাংনী থানা পুলিশের মাধ্যমে সেগুলো ধ্বংস করা হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, বিজিবি যশোর রিজিয়নের আওতাধীন কুষ্টিয়া ও খুলনা সেক্টরের সাতটি ব্যাটালিয়ন গত সেপ্টেম্বর থেকে ১৯ নভেম্বর পর্যন্ত বিভিন্ন অভিযানে ১৫৫ জনকে আটক করেছে। এ সময় সর্বমোট ৮৭ কোটি ৫৩ লাখ ৯৮ হাজার ৬৭৪ টাকা মূল্যের মাদকদ্রব্য ও চোরাচালানি মালামাল উদ্ধার করা হয়।

উদ্ধার করা মালামালের মধ্যে রয়েছে ৯ দশমিক ৩৪৯ কেজি স্বর্ণ, পাঁচটি আগ্নেয়াস্ত্র, ৯৪ দশমিক ২৫ কেজি ওজনের একটি কষ্টিপাথরের

মূর্তি, ছয় রাউন্ড গুলি, বিদেশি মদ, হেরোইন, গাঁজা, ইয়াবা, ফেনসিডিল, ক্রিস্টাল মেথ (আইস), নেশাজাতীয় সিরাপ ও ভারতীয় বিভিন্ন ধরনের নেশাজাতীয় ট্যাবলেট।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সীমান্তে অবৈধ অনুপ্রবেশ, পুশইন, মানবপাচার ও চোরাচালান প্রতিরোধে বিজিবির নজরদারি ও টহল জোরদার করা হয়েছে। পাশাপাশি স্থানীয় প্রশাসন, পুলিশ ও আনসার সদস্যদের সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা এবং সীমান্তবর্তী মানুষের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রয়েছে।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়কের পাঠানো বিজ্ঞপ্তিতে সীমান্ত সুরক্ষা ও অপরাধ দমনে স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সাংবাদিক সমাজ ও সাধারণ মানুষের সহযোগিতা কামনা করা হয়েছে।

আওয়ামী লীগের নৈরাজ্যের প্রতিবাদে বামন্দীতে বিএনপির বিক্ষোভ মিছিল

দেশব্যাপী আওয়ামী লীগের সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির অপতৎপরতার প্রতিবাদে মেহেরপুরের গাংনীর বামন্দীতে বিক্ষোভ মিছিল করেছে ইউনিয়ন বিএনপি।

বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে বামন্দী ইউনিয়ন বিএনপির উদ্যোগে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। ইউনিয়ন বিএনপির নেতা রাশেদুল ইসলাম সোহাগের নেতৃত্বে মিছিলটি বামন্দী বাসস্ট্যান্ড থেকে শুরু হয়ে ফজলু মিলিটারির ঘোনা এলাকায় গিয়ে শেষ হয়।

মিছিল শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তব্য দেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল বিশ্বাস। তিনি বলেন, সন্ত্রাসী কর্মকাণ্ড ও নৈরাজ্যের বিষয়ে আওয়ামী লীগকে আর কোনো ছাড় দেওয়া হবে না। আগুন সন্ত্রাসের মাধ্যমে দেশে অস্থিতিশীল পরিস্থিতি

সৃষ্টি করে তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারকে ক্ষমতাচ্যুত করা যাবে না।

এ সময় উপস্থিত ছিলেন যুবদল নেতা জাহিদ, ছাত্রদল নেতা রিপন, স্বেচ্ছাসেবক দল নেতা বাচ্চু বিশ্বাসসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে করণীয় শীর্ষক আলোচনা সভা

শিশু-কিশোর ও তরুণ প্রজন্মকে নিকোটিনের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষায় ই-সিগারেট, ভ্যাপ ও নিকোটিন পাউচ নিষিদ্ধের দাবি জানানো হয়েছে।

একই সঙ্গে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর কার্যকর ভূমিকার ওপর গুরুত্বারোপ করেছেন বক্তারা।

জাতীয় তামাকমুক্ত দিবস ২০২৬ উপলক্ষে মঙ্গলবার (১৭ নভেম্বর) মেহেরপুর পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে আয়োজিত এক আলোচনা সভায় এসব দাবি ও আহ্বান জানানো হয়।

‘ই-সিগারেট/ভ্যাপ ও নিকোটিন পাউচ নিষিদ্ধ করুন, শিশু ও তরুণদের রক্ষা করুন’ এবং ‘স্থানীয় সরকার গাইডলাইন ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে করণীয়’ শীর্ষক এ সভার আয়োজন করে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থা ও বাংলাদেশ তামাকবিরোধী জোট।

সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মো. মইন-উল-আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর পৌরসভার প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক মো. তারিকুল ইসলাম।

সভায় বক্তারা বলেন, তামাকজাত দ্রব্যের ব্যবহার জনস্বাস্থ্য,

অর্থনীতি ও পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। বিশেষ করে শিশু- কিশোর ও তরুণ প্রজন্মকে নিকোটিনের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করা জরুরি। এ জন্য পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, সামাজিক সংগঠন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

তারা আরও বলেন, তামাক নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধি, প্রতিরোধমূলক উদ্যোগ গ্রহণ এবং বিদ্যমান আইন ও নীতিমালার কার্যকর বাস্তবায়ন প্রয়োজন। এ ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। স্থানীয় পর্যায়ে তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম জোরদার করা গেলে তামাক ও নিকোটিনমুক্ত পরিবেশ গড়ে তোলা সম্ভব।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মো. মইন-উল-আলম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সংস্থাটির সমন্বয়কারী ফোজিয়া সুলতানা।

আলোচনায় বক্তব্য দেন মেহেরপুরের উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলাম, বাংলাদেশ তামাকবিরোধী জোটের প্রতিনিধি মো. রফিকুল আলম এবং আমঝুপি ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য মোছা. মেরিনা খাতুন।

এ ছাড়া সভায় স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, সামাজিক সংগঠনের প্রতিনিধি ও সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

সভা থেকে ই-সিগারেট, ভ্যাপ ও নিকোটিন পাউচের ব্যবহার প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার পাশাপাশি তরুণ প্রজন্মকে নিকোটিনের আসক্তি থেকে রক্ষায় পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, স্থানীয় সরকার ও সামাজিক সংগঠনগুলোকে আরও সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।

মুজিবনগরে ৪র্থ উপজেলা কাব

[redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted]

[redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

ক্যাম্পুরীতে স্কাউটিংয়ের বিভিন্ন কার্যক্রম, দলগত অনুশীলন, শৃঙ্খলা ও নেতৃত্ব বিকাশের পাশাপাশি নানা শিক্ষামূলক কর্মকাণ্ডের আয়োজন করা হয়েছে।

আয়োজকরা জানান, শিশুদের মধ্যে দেশপ্রেম, মানবিক মূল্যবোধ, পারস্পরিক সহযোগিতা ও নেতৃত্বের গুণাবলি বিকাশের পাশাপাশি স্কাউটিং আন্দোলনকে আরও সম্প্রসারিত করাই এ আয়োজনের মূল লক্ষ্য।

মুজিবনগরে কৃষকের মাঝে মসুর বীজ ও সার বিতরণের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে প্রান্তিক কৃষকদের মাঝে মসুর বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকাল ১১টার দিকে উপজেলা কৃষি কার্যালয় প্রাঙ্গণে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

২০২৬-২৭ অর্থবছরের কৃষি পুনর্বাসন সহায়তা খাতের আওতায় মসুর ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষকদের উৎসাহিত করতে এ প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুর রউফের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রূপায়ণ দেব।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, ওয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, কৃষি কার্যালয়ের উপসহকারী কৃষি কর্মকর্তারা এবং উপকারভোগী প্রান্তিক কৃষকেরা।

প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ১২০ জন কৃষককে বিনামূল্যে ৫ কেজি মসুর বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার দেওয়া হবে।

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকাল ১০টার দিকে ঢাকার শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। তিনি দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত ছিলেন।

মো. নুরুল ইসলাম সুবাদ মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের সন্তান।

মেহেরপুরের বিএনপি নেতা জাহাঙ্গীর বিশ্বাসের মায়ের জানাজা ও দাফন সম্পন্ন

মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের মা মারা গেছেন। বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে ঢাকার ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মেহেরপুর শহরের শহীদ শামসুজ্জোহা পার্কে তার জানাজার নামাজ অনুষ্ঠিত হয়।

জানাজায় উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ, জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি আকিব জাভেদ সেঞ্জির, মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোত্তাসিম বিল্লাহ মুত, ২ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর আনোয়ারুল হক কালু, জামায়াতে ইসলামীর রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিনসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মী এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

জানাজা শেষে মেহেরপুর পৌরসভার শেখপাড়া পৌর কবরস্থানে তার দাফন সম্পন্ন হয়।

মুজিবনগরে সাংবাদিকদের সঙ্গে বিজিবির মতবিনিময় সভা অনুষ্ঠিত

সীমান্তের নিরাপত্তা জোরদার, মাদক ও চোরাচালান প্রতিরোধসহ সীমান্তবর্তী এলাকার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সাংবাদিকদের সহযোগিতা কামনা করেছে বিজিবি। এ লক্ষ্যে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেছে বিজিবি।

বুধবার সকাল সাড়ে ১০টার দিকে মুজিবনগর বিজিবি ক্যাম্পে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি)-এর ব্যবস্থাপনায় এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে স্থানীয় ও বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা অংশগ্রহণ করেন।

সভায় উপস্থিত থেকে সীমান্তসংক্রান্ত বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল ইফতেখার হোসেন, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি)-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান এবং সহকারী পরিচালক রাজ মামুদ।

সভায় বিজিবির পক্ষ থেকে সীমান্ত সুরক্ষা, মাদক পাচার, চোরাচালান, অবৈধ অনুপ্রবেশ ও সীমান্ত অপরাধ দমনে বিজিবির বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ তুলে ধরা হয়।

এ সময় বিজিবির পক্ষ থেকে বলা হয়, সীমান্তের নিরাপত্তা রক্ষায় বিজিবি সর্বদা সতর্ক ও দায়িত্বশীল ভূমিকা পালন করে আসছে। মাদক ও চোরাচালানমুক্ত সীমান্ত গড়ে তুলতে বিজিবির পাশাপাশি গণমাধ্যমকর্মী ও সাধারণ মানুষের সচেতনতা এবং সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সভায় আরও বলা হয়, সাংবাদিকরা সমাজের দর্পণ। বস্তুনিষ্ঠ ও তথ্যনির্ভর সংবাদ পরিবেশনের মাধ্যমে সীমান্ত এলাকার অপরাধ দমন, জনসচেতনতা সৃষ্টি এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।